

স্মারক নং ০৫.৪৪.৪৭০০.০২৬.১২.০০৩.১৯- ৫০২

তারিখঃ ১২ আষাঢ়, ১৪২৬
২৫ জুন, ২০১৯

"নিলাম বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডুমুরিয়া উপজেলার ভদ্রা ও সালতা নদীর ডুমুরিয়া হতে তেলিগাতী অংশে ৯.৯০ কিঃ মিঃ এবং ডুমুরিয়া হতে দিঘলিয়া অংশে ১১.৭৩৮ কিঃ মিঃ মোট ২১.৬৩৮ কিঃ মিঃ নদী পুনঃ খননের ফলে ডুমুরিয়া হতে তেলিগাতী অংশে ১৪২৩১৫০ ঘন মিটার বা ৫,০২,৫১,৪২৬ ঘনফুট এবং ডুমুরিয়া হতে দিঘলিয়া অংশে ৪৩০১৪০ ঘন মিটার বা ১,৫১,৮৮,২৪৩ ঘনফুট মোট ১,৮৫,৩২,২৯০ ঘনমিটার বা ৬,৫৪,৩৯,৬৬৯ ঘনফুট বিক্রয়যোগ্য মাটি পাওয়া গিয়েছে(বিস্তারিত পরিমাপের ছয়ালিপি সংযুক্ত)। উক্ত মাটি আগামী-০৪-০৭-২০১৯ তারিখ বেলা ১১.৩০ ঘটিকায় অফিসার্স ক্লাব, ডুমুরিয়ায়, খুলনাতে প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে যথাসময়ে উপস্থিত থেকে নিম্নলিখিত শর্তে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ১। নিলাম ডাকে অংশগ্রহণকারীকে সকাল ১১.০০ ঘটিকায় মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিসে উপস্থিত হয়ে নগদ/ব্যাংক ড্রাফটের মাধ্যমে ১,০০,০০০/-টাকা জমা প্রদানপূর্বক নাম রেজিস্ট্রেশন করতে হবে।
- ২। নিলাম ডাকে অংশ গ্রহণের পূর্বে মাটির অবস্থান সরেজমিনে দেখে নিতে হবে। পরবর্তীতে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ৩। সর্বোচ্চ ডাককারীর ডাক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পর কার্যাদেশ দেয়া হবে। কার্যাদেশ প্রাপ্তির ০৩(তিন) দিনের মধ্যে চুক্তিপত্র স্বাক্ষর ও ডাকমূল্য জমা দিতে হবে। কার্যাদেশ প্রাপ্তির ০৩ দিনের মধ্যে নিজ দায়িত্বে মাটি অপসারণের কাজ শুরু করতে হবে এবং ২৫ দিনের মধ্যে সম্পন্ন করতে হবে।
- ৪। নিলাম ক্রেতাকে সরকার নির্ধারিত হারে আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ডাকমূল্য, আয়কর ও ভ্যাটের অর্থ পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্তসহ ডাক বাতিল করা হবে।
- ৫। মাটি অপসারণের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা এর মনোনীত প্রতিনিধি এবং উপজেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি, ডুমুরিয়া, খুলনা এর যে কোন সদস্য এর (যদি থাকে) ও নির্দেশনা অনুসরণ করতে হবে। বৈধ কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করলে এবং নদীর নিকটবর্তী জনসাধারণের জমি, রাস্তা বা অন্য কোন উপায়ে কোন ক্ষতির কারণ ঘটালে ডাক বাতিল ও জামানত বাতিল করা যাবে।
- ৬। মাটি অপসারণ সংক্রান্ত কাজের দৈনন্দিন অগ্রগতি রিপোর্ট প্রতিনিধি মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় জমা প্রদান নিশ্চিত করতে হবে।


স্বাক্ষরিত/-

মোছাঃ শাহনাজ বেগম
উপজেলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা

unodumuria@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. জেলা প্রশাসক, খুলনা।
২. নির্বাহী প্রকৌশলী, পওর বিভাগ-১, বাপাউবো, খুলনা।
৩. সহকারী কমিশনার(ভূমি), ডুমুরিয়া, খুলনা। ইউনিয়ন ভূমি অফিসের মাধ্যমে ঢোল সহরত করে ব্যাপন প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৪. উপ-বিভাগীয় প্রকৌশলী, ডুমুরিয়া পওর উপ বিভাগ, ডুমুরিয়া, খুলনা। তাকে ঢোল সহরত করে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৫. উপজেলা প্রকৌশলী, এল.জি.ই.ডি, খুলনা।
৬. অফিসার ইন-চার্জ, ডুমুরিয়া, খুলনা।
৭. চেয়ারম্যান, ----- ইউনিয়ন পরিষদ, ডুমুরিয়া, খুলনা। বিষয়টি ঢোল সহরত করে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৮. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা।
৯. প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ডুমুরিয়া, খুলনা।
১০. উপ-সহকারী প্রকৌশলী/ শাখা কর্মকর্তা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ডুমুরিয়া, খুলনা।
- ✓ ১১. সহকারী প্রোগ্রামার, আই.সি.টি, ডুমুরিয়া, খুলনা। বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য।
১২. জনাব----- ব্যাপক প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো।


মোছাঃ শাহনাজ বেগম
উপজেলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা